


LOVE EARTH

**An Annual Publication of the
Department of Geography**

**VOLUME- 1
MAY , 2024**



MAHARANI KASISWARI COLLEGE

KOLKATA

LOVE EARTH

**An Annual Publication of the
Department of Geography**

**Volume No : 1
May 2024**



MAHARANI KASISWARI COLLEGE
Kolkata

Published by: Department of Geography,
Maharani Kasiswari College,
20 Ramakanto Bose Street,
Kolkata 700003

Year: 2023–2024

Volume: 1

Editorial board: **Dr. Uttam Kumar Sardar**
(Chief Editor), HoD, Dpt. of Geography
Ms. Soha Hossain
Faculty, Dpt. of Geography
Ms. Soumi Mitra
Faculty, Dpt. of Geography

Title Credit: **Dr. Sima Chakrabarti**
Principal

Photo Credit for Cover Page: **Soha Hossain**
Faculty, Dpt. of Geography

Cover page Photo Location: Gosaba, Sundarban.

Designing Credits:



A Social media Advertisement
and Designing Agency

Contact – 98831 34767, 9433723258

Content

A. From the Honourable Principal :

Earth and Sky to link
Dr. Sima Chakrabarti

Page 1

B. Faculty Section :

Charming Charida: Fond Memories
Smt. Ritabrita Saha, Department of Geography

Page 2-4

C. Students' Story Section :

ভূগোল ও নারী : একটি পর্যালোচনা
শ্বেতা সিনহা, প্রাক্তনী (২০১৬ - ২০১৯)

Page 5-7

হরিদ্বারে কিছু দিন
ঈশিতা হালদার, সেমিস্টার- ৪

Page 8

An Encounter with a B.Sc.
Geography Students
Kiran Kumari Shaw, Semester- 4

Page 9

সমুদ্র ভ্রমণের অভিজ্ঞতা : পুরী
কৃষিকা বিশ্বাস, সেমিস্টার- ৬

Page 10

অস্তিত্ব
সায়নী নন্দী, সেমিস্টার- ৪

Page 11

समुद्र की समस्या
প্রাচী সাব, সেমেস্টার- 4

Page 12

পুরুলিয়ার অভিজ্ঞতা
সুধমা দিল্ডা, সেমিস্টার- ৬

Page 13-14

Travelogue

Europa Roy, Semester- 2

Page 15

প্রথম দর্শন

ঋতুপর্ণা পাত্র, সেমিস্টার- ৬

Page 16-17

D. Students' Drawing Section :

Deya Das, Alumni (2020-2023)

Page 18

Sneha Datta, Semester- 6

Sayanti Bose Semester- 2

Shiuli Adhikari Semester- 4

Page 19

Jayee Sinha Semester- 4

Katha Mondal Semester- 6

Page 20

Ankita Pyne Semester- 4

Kiran Kumari Shaw Semester- 4

Page 21

Rituporna Patra Semester- 6

E. Students' Poem Section :

ভূগোল

মধুরা ঘোষ দস্তিদার, সেমিস্টার- ২

আড়ালে

সুপর্ণা চক্রবর্তী, সেমিস্টার- ৬

Page 22

ভূ-গোল

শিউলি অধিকারী, সেমিস্টার- ৪

F. Glimpses of Departmental Activities

Page 23-24

Photo Album of Departmental Activities

Editorial Page

মহারানী কাশিশ্বরী কলেজের ভূগোল বিভাগের প্রথম বার্ষিক ই-ম্যাগাজিন 'LOVE EARTH' উপস্থাপন করতে পেরে আমরা খুবই আনন্দিত। বর্তমান ছাত্রী, প্রাক্তনী এবং বিভাগীয় শিক্ষক-শিক্ষিকাদের ঐকান্তিক প্রচেষ্টার ফসল এই ই-ম্যাগাজিন। পৃথিবীর বিবর্তনের সাথে সাথে ভূগোলের ও ক্রমবিবর্তন হচ্ছে, যার ফলে বিভিন্ন শাখা উন্মোচিত হচ্ছে যেমন ভূ-তত্ত্ববিদ্যা, পরিবেশ, জলবায়ু পরিবর্তন ইত্যাদি। LOVE EARTH সকল ছাত্রীদের কাছে তাদের সৃজনশীলতা দেখানোর একটি বিশেষ মাধ্যম এবং ভবিষ্যতেও এর প্রতিটি সংখ্যা আমাদের স্নেহের ছাত্রীদের শিল্পশৈলী ও ভূগোল চিন্তার পরিচয় বহন করবে এই আশা রাখি। মহারানী কাশিশ্বরী কলেজের, ভূগোল বিভাগের নবতম এই সদস্যের হাত ধরেই ছাত্রী দেব বৌদ্ধিক উন্নয়নের উপাদান গুলি সহজে লালিত হবে। LOVE EARTH সর্বদাই চেষ্টা করবে বর্তমান ও প্রাক্তন ছাত্রীদের সেতু বন্ধন করে উভয়েরই বিষয় ভিত্তিক বিভিন্ন প্রাসঙ্গিক ধারণার বিস্তৃত আলোচনা গুলি কে লিপিবদ্ধ করতে। নিজস্ব ভ্রমণকাহিনী থেকে শুরু করে জলবায়ু পরিবর্তন বা নিজেদের বিভাগীয় ফিল্ড ট্রিপ এর রিপোর্ট ও এই জার্নালে উপস্থাপিত করা হয়েছে।

আমাদের সার্বিক প্রয়াস হবে আগামী দিনে এই জার্নাল এর সামগ্রিক প্রসার ঘটানো। আমরা আশা রাখি ছাত্রীরা, যারা এই কর্মকাণ্ডের মূল কান্ডারী তারা আগামী দিনেও সক্রিয় ভাবে অংশ গ্রহণ করবে।

ভূগোল বিভাগের প্রথম ই-ম্যাগাজিন প্রকাশের গুরু দায়িত্ব পেয়ে আমরা যথেষ্ট আনন্দিত এবং কৃতজ্ঞ।

প্রথমেই কৃতজ্ঞতা জানাই আমাদের অত্যন্ত প্রিয় অধ্যক্ষ ডঃ সীমা চক্রবর্তী মহাশয়া কে। তাঁর উৎসাহ আমাদের এই কর্মযজ্ঞের অন্যতম পাথেয়। ই-ম্যাগাজিনটির একটি অত্যন্ত সময়োপযোগী নামকরণের জন্যেও ম্যাডামকে অসংখ্য ধন্যবাদ জানাই। নিরন্তর উৎসাহ প্রদান ও সার্বিক তত্ত্বাবধানের জন্যে ধন্যবাদ জানাই আমাদের বিভাগীয় প্রধান ডঃ উত্তম কুমার সর্দার মহাশয় কে। সেই সঙ্গে বিভাগীয় সকল শিক্ষক-শিক্ষিকা, ল্যাব অ্যাটেন্ডেন্ট দিদি, সকলকে ধন্যবাদ ও অভিনন্দন জানাই তাদের সাহায্য, সহযোগিতা এবং কাজ টি করার জন্যে প্রতি মুহূর্তে অনুপ্রাণিত করার জন্যে।

From the Honourable Principal Dr. Sima Chakrabarti



Earth and sky to link

*It's black when whispering pain
Down the geo historical hybrid lane
Warming my melody mystery hidden
Oozing exciting words upto golden
That evaporate slowly and dazzle as rain
In drops from the sky a page to enlighten.
My thunder thoughts blink
Melting the coagulated ink
Activating a passive pen pink
Desperately diving to drink
Earth and sky straight away to link
In a pasteurizing passion me to sink
Whether at rest or in motion to think.*

CHARMING CHARIDA : FOND MEMORIES

Smt. Ritabrita Saha

Faculty, Department of Geography

Every year, students of Semester V are taken on an educational excursion to places of geographical importance as part of fulfilment of curriculum of University of Calcutta under CBCS system. Students study the physical and socio-economic aspects of the place and prepare a detailed field report under the supervision of two teachers. In 2023, Dr. Uttam Kumar Sardar, Head of the department and I, performed the aforesaid duty and conducted the 3-days field trip to Charida Village in Purulia district and provided guidance to make the report. In this trip, I was accompanied by my family members as my son was only 1 year 8 months old then, so I could not leave him at home. On 26th September, 2023, we with 27 students boarded Howrah-Chakradharpur Express that departed Howrah station at midnight and reached Barabhum station 8 O'clock in the morning. From there, we travelled to Baghmundi village by car via Baghmundi-Jhalda road. Hotel Rangini Ajodhya was booked for the entire stay at Baghmundi. The hotel is a two-storied building, linear in shape and has an open grass-green ground in front of it, surrounded by short flower plants. The open ground is used for parking. The hotel provided both food and lodging for us. After breakfast, we geared up for survey work and headed towards Charida Village. Landuse



survey, household survey, market survey, traffic survey, hotel survey and Dumpy and Prismatic Compass survey (Profile only) were done by different groups of students under our supervision. The whole work was divided into two segments- day segment and evening segment.

All students wholeheartedly participated in survey and completed the work within the stipulated time. Charida village is situated in Baghmundi CD block in Jhalda subdivision of the Purulia district in West Bengal. It is about 2 km from Baghmundi village, at the scenic foothills of the Ajodhya hills.



The area is home to Chhau dance and the spectacular masks of Chhau dance are made in Charida, thus making Charida the mask-village or Mukhos Gram of West Bengal. Charida is a perfect example of a commercial village. This is the unique significance of the village that led us to select the place as our study area. Around 150 families are engaged in mask-making. It involves five elaborate processes and takes two to seven days to complete a mask. We explored the village and the mask-making shops while surveying.

The next day, we set off for visiting the nearby tourist attractions. Meanwhile, students built a friendly relation with Dipto, my son and they had a wonderful time together during the whole tour. All of us started the journey early in the morning. While climbing up the hill, all students exhilarated in joy. Our first stop was Kestobazar dam and Lahariya temple. This dam constitutes the lower part of the Lower dam of Ajodhya hills. The Lower dam is tucked within the hills and the view was breathtaking. A viewpoint on the road over this reservoir gives a panoramic view of the lake and the towering hills. Afterwards, we traversed through the hairpin bends and the white Kash Phool fields to reach the Upper dam. This reservoir is larger and deeper than the Lower one. Our next stop was Mayur Pahar. This rocky hilltop was once a



roaming-place of peacocks, hence the name. Steep ravines ran down the slopes and gave a fascinating view of the surrounding terrain. From there, we went to Marble Lake which, in my opinion, was the star of the show. It is a crystal-clear lake amidst the picturesque hillocks that transcended us into an ethereal state. It felt simply out of this world. Our last destination was Bamni falls

which is a very popular tourist attraction. This waterfall is a true representation of vitality, spirit and unblemished purity of nature, flanked by green foliage. The sound of water flowing into the Lower dam, is all that can be heard. This is where the students enjoyed the most. A frightfully adventurous 500-steps stair led us to a serene landscape of the falls. It is a known fact that climbing upstairs is harder than going down. Some students faced difficulty during ascending and rain made it more troublesome. But overall experience was mesmerizing. We came back to the hotel thereafter. In the evening, we went to Charida village again to buy the famous



Chhau masks and we walked all along. The starry sky, the silent countryside, the fresh air made an inexplicably lasting impression on my mind. Nighttime Charida appeared more vibrant as the mask shops were all lit in neon blue. The students also expressed that the whole tour was unforgettable, an encounter of a lifetime. There was more in store for the evening delight. On the open ground of the hotel, a Chhau Pala was performed which all of us thoroughly enjoyed. The performers were dressed in colourful costumes depicting Ma Durga, Asur, Lion, Mayur etc, with enormous masks. Their magnificent performance was the cherry on top.

Our trip was coming to its end. We bid goodbye to Charida and Baghmundi the next day, 28th September, 2023. We took Ranchi Howrah Superfast Express that left Barabhum station at 9.30 AM. The train journey was even funnier and amusing. As students chatted, laughed and played with Dipto, we ended our excursion on a sweet note and I came home with a lot of fond memories.

ভূগোল ও নারী : একটি পর্যালোচনা

শ্বেতা সিনহা

প্রাক্তনী (২০১৬ – ২০১৯)

পৃথিবী বহু সমাজে যেমন আর্থিক বৈষম্য বা অসাম্য রয়েছে, তেমনি রয়েছে বেশ কিছু সামাজিক বৈষম্য। ১৯৬০-এর দশকের শেষের দিকে এবং ১৯৭০-এর দশকে গোড়ার বা মাঝামাঝি সময় সমাজে নারী-পুরুষ বৈষম্য বা অসাম্যের মত সামাজিক বৈষম্য নিয়ে ভাবনাচিন্তা শুরু হয়েছে ভূগোলের নারীবাদে। মার্কসীয় ভূগোল একটি মূল্যভিত্তিক ভূগোল এবং বাপক অর্থে গঠনবাদী ভূগোল। কিন্তু মূল্যভিত্তিক বা গঠনবাদী ভূগোল মাএই মার্কসীয় ভূগোল নয়। ধনতন্ত্র যেমন একটি গঠন, তেমনি পুরুষতন্ত্র বা পিতৃতন্ত্র একটি গঠন। পুরুষতন্ত্র নামক গঠন থেকেই নারী-পুরুষের মধ্যে বৈষম্যের উদ্ভব। সুতরাং পুরুষতন্ত্র অথবা পিতৃতান্ত্রিক গঠনবাদী দৃষ্টিভঙ্গির থেকেই উদ্ভব হয়েছে নারীবাদী ভূগোল-যার দর্শন হল নারীবাদ। নারীবাদ হল নারী-পুরুষের সাম্য-এর সমান অধিকারের দর্শন। নারীবাদী ভূগোল হল মানব ভূগোল অধ্যয়নের একটি পদ্ধতি এবং সমালোচনা প্রয়োগ করে। নারীবাদ সামাজিক তত্ত্ব, রাজনৈতিক আন্দোলন এবং নৈতিক দর্শনের একটি বিচিত্র সংগ্রহ, যা মূলত নারীদের অভিজ্ঞতার দ্বারা অনুপ্রাণিত। স্বাভাবিকভাবে বলা যায়, নারীবাদ ভূগোল প্রাধানত সামাজিক ন্যায় ও মানবাধিকার প্রশ্নের সাথে সম্বন্ধযুক্ত এবং মানুষের দৈনন্দিন জীবনের সকল প্রকার বিষয়ে আলোচনা করার ওপর জোর দেয়। ওয়েবস্টার অভিধান মতে, নারীবাদ হল বিভিন্ন লিঙ্গের (নারী-পুরুষ) রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সমতার তত্ত্ব। নারীবাদী ভূগোল-এর একজন প্রধান প্রথিকৃৎ হলেন মার্কসীয় ভূগোলবিদ ডোরিন ম্যাসি। ১৯৮৪ সালে লিন্ডা ম্যাকডাওয়েল-এর সাথে তিনি 'A Women's Place?' শিরোনামের একটি প্রবন্ধ প্রকাশ করেন। ১৯৮৯ সালে তাঁর লেখা 'Women, gender and the organisation of space' নামের বিখ্যাত গ্রন্থ প্রকাশের মাধ্যমে নারীবাদের প্রচারে মুখ্য ভূমিকা নেন। নারীবাদ মূলত একটি পাশ্চাত্য ধারণা।

সমাজে পরিচালিত অন্যায়ের বিরুদ্ধে নারীর অধিকার আদায়ের সংগ্রামের মধ্য দিয়ে নারীবাদের অস্তিত্ব আসে। নারীদের বিভিন্ন উপায়ে উপেক্ষা করা, ভুলভাবে উপস্থাপন করা এবং দুর্য্যবহার করা ইত্যাদি বিষয় গুলি যখন প্রকাশ্যে আসে, তখন সেটি চ্যালেঞ্জ এবং কাটিয়ে ওঠার চেষ্টা করেছে। এই প্রকল্পটি শৃঙ্খলার মধ্যে সমস্ত স্তরে লিঙ্গ সমতা সুরক্ষিত করার জন্য উন্নয়নশীল কৌশল গুলিকে অন্তর্ভুক্ত করেছে। এটি ভূগোল নামক জ্ঞানের অংশের সমালোচনা করতে বাধ্য করেছে। এটি একটি নতুন ধরনের ভূগোল তৈরি করার

প্রচেষ্টাকে অন্তর্ভুক্ত করেছে। সমাজে নারীদের গৌণ মর্যাদা দেওয়া হয় যেমন পুরুষ ও নারীর অধিকারের মধ্যে বৈষম্য, যৌন নিপীড়ন, আচরণের উপর আরোপিত বিধিনিষেধ, বিচ্ছেদ ইত্যাদি। পুরুষরা সবসময়ই নারীর রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারের ওপর বিধিনিষেধ রাখে।

১৯ শতকে ইংল্যান্ড এবং আমেরিকার মহিলারা তাদের ভোটাধিকারের জন্য একটি আন্দোলন শুরু করেছিলেন। ১৯৬০ সাল পর্যন্ত আন্দোলনের চিহ্ন ছিল না। যার ফলে নারীবাদী ধারণার তৎপরতা ঘটে না। কিন্তু পরে এটি তার গতি নিতে শুরু করে। বর্তমান সমাজে ক্ষমতা নারীর ও পুরুষের মধ্যে একান্ত অসমানভাবে বন্টিত। নারীবাদীরা চেষ্টা করেন ক্ষমতা এই অসম বন্টনকে বদলাতে এবং নারীদের হাতে আরও বেশি ক্ষমতা দিতে সমাজকে এক ও অভিন্ন হিসাবে না দেখে নারীবাদীরা নারী ও পুরুষের সার্থকে পৃথক করে দেখেন। সমস্ত পৃথিবীতে ত্রমশ এই দৃষ্টিভঙ্গির গুরুত্ব বাড়ছে। কিন্তু তারপরে নারীবাদী ভূগোলের প্রধান আলোচ্য বিষয় হয় বিশেষ বিশেষ স্থানে লিঙ্গ বিভেদের সামাজিক উৎপত্তির প্রসঙ্গ যা নারীবাদী ভূগোলকে অনুসন্ধানের এক বৃহত্তর ক্ষেত্রে উপস্থাপনা করেন।

এই অনুসন্ধানের তিনটি ধারাকে বিশেষভাবে চিহ্নিত করা যায়:-

ক)নারীদের স্থান অথবা স্থানগত মতভেদ যা নারীদের ওপর পুরুষদের অমানবিকতাকে বোঝায়।

খ)লিঙ্গ এবং স্থান

গ)পুরুষতান্ত্রিক ক্ষমতা।

নারীবাদী ভূগোল প্রধানত সামাজিক ন্যায় এবং মানবাধিকার এর সঙ্গে বিশেষভাবে সম্বন্ধিত।কলোরাডো বিশ্ববিদ্যালয়ের দর্শনের অধ্যাপক অ্যালিসন জ্যাগার, চার ধরনের নারীবাদের ধারণা দিয়েছিলেন।

উদার নারীবাদ:-মানুষ যুক্তিবাদী,চিন্তার-ভাবনা করায়,যুক্তিসঙ্গত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রাখে এবং সেই ক্ষমতা পুরুষ ও মহিলাদের জন্য সমান। মহিলাদের জন্য বিশেষ কোনো সুযোগ সুবিধা, নৈতিক, মানবিক বা আবেগগত বিষয়ের ওপর ভিত্তি করে দাবি করা হয় না,তবে সবার জন্য অথবা নারী-পুরুষ উভয়ের সমান অধিকার এবং সুযোগের জন্য যুক্তি দেয়।

সমাজতান্ত্রিক নারীবাদ:- ঐতিহাসিক যুগ বা সময় থেকে সমাজতান্ত্রিক কাজকর্মের মধ্যে রয়েছে লিঙ্গ,জাতি,শ্রেণী এবং অন্যান্য অর্থনৈতিক এবং সামাজিক পার্থক্য।পুরুষ এবং মহিলাদের শারীরিক এবং মানসিক পার্থক্য শ্রমের যৌন বিভাজন দ্বারা নির্ধারিত করা হয়।

মার্কসবাদী নারীবাদ:- সচেতন,শারীরিক শ্রম দ্বারা চাহিদা পূরণ করা মানুষকেই জীবন্ত প্রাণী হিসাবে বিবেচনা করা হয় এটি মার্কসবাদ নারীবাদের ধারণা।সমাজে বা পরিবারের মূলত মহিলাদের সামাজিক প্রক্রিয়া এবং কাঠামো অর্থনৈতিক প্রক্রিয়া দ্বারা নিয়ন্ত্রিত বলে বিশ্বাস করা হয়।

উগ্র নারীবাদ:-১৯৬০-এর দশকে লিঙ্গের মধ্যে সামাজিক ও মানসিক পার্থক্য দূর করার লক্ষ্য নারীদের অসমতা,নিপীড়ন এবং হয়রানির বিরুদ্ধে সচেতনতা গড়ে তোলার জন্য বিশ্বব্যাপী আন্দোলন(নারী মুক্তি আন্দোলন)সংগঠিত হয়েছিল। সামাজিক ও অর্থনৈতিক প্রক্রিয়া নারীদের জীবনকে কিভাবে পরিচালিত করে অথবা কষ্ট,ভোগান্তি,অত্যাচারের দিকে নিয়ে যায় তা ব্যাখ্যা করার জন্য তিনটি তত্ত্ব-এর প্রস্তাব গ্রহণ করা হয়েছিল। প্রস্তাবগুলি হল:

ক)জৈবিক তত্ত্ব

খ)প্রকৃতিবাদী তত্ত্ব

গ) কাঠামোগত তত্ত্ব

ভূগোল ও নারীবাদের তিনটি মিলিত বা সাধারণ বিষয় খুঁজে পাওয়া

যায়।সেইগুলি হল:-

ক)প্রাত্যহিকতার মধ্যে তাৎপর্য খুঁজে পাওয়া

খ) প্রাসঙ্গিকতার গুরুত্ব অনুধাবন করা

গ)পার্থক্য গুলি বোঝা

ক) প্রাত্যহিকতার মধ্যে তাৎপর্য:- ভূগোলের মূল লক্ষ্য দেশ-স্থান-অবস্থান অর্থাৎ এই বাস্তব জগতকে নিয়ে।মানুষের দৈনন্দিন জীবনের কাজকর্ম ও বাস্তব অভিজ্ঞতার মধ্য ব্যাখ্যা খুঁজে বার করার চেষ্টা শুধুমাত্র ভূগোলের নয়,নারীবাদের তাতেও যথেষ্ট তাৎপর্যপূর্ণ ভূমিকা থাকে।পুরুষতান্ত্রিক সমাজে নারীদের অবস্থান নিয়ে আলোচনা করা হয়।শুধু তাই নয়,ছোট বড়ো বিষয়গুলির পারস্পরিক বিষয়ে আলোকপাত করা হয়।ভূগোল ও নারীবাদ তত্ত্ব প্রাত্যহিকতার বিষয়ের দিকটি সর্বদা প্রকৃত পৃথিবীর সঙ্গে সম্পর্কযুক্ত তত্ত্ব প্রতিষ্ঠার দিকে মনোযোগী।

খ)প্রাসঙ্গিকতা:- অবস্থান,পারিপার্শ্বিক প্রভৃতি বিচার করে নারীবাদ। পৃথিবীর অবস্থান,বিভিন্ন মানুষজনের বিভিন্ন দৃষ্টিভঙ্গিতে গুরুত্বপূর্ণ কোনটি সেই বিষয়ে নজর দেওয়া অত্যন্ত দরকার। জ্ঞান নির্ভর করে বিশ্বাস ও মূল্যবোধের ওপর। আর এইগুলি তৈরি করা হয় সামাজিক বিচার ব্যবস্থার ওপর। নারীবাদীরা ও ভৌগোলিকরা পৃথক পৃথক ভাবে এই প্রাসঙ্গিকতার কথা ভেবেছেন।এই প্রাসঙ্গিকতার ক্ষেত্রে বিভিন্ন স্কেল বা মানচিত্রে বিভিন্ন এলাকার কথা এবং অন্য এলাকাগুলির সঙ্গে তাদের যোগাযোগ ও যোগসূত্র এক পারিপার্শ্বিক মিল বা প্রভাব খুব বেশি পরিমাণে দেখা যায়।

গ)পার্থক্য নিরূপণ:- ভূগোল ও নারীবাদ দুটি বিষয়েই প্রাসঙ্গিকতার সঙ্গে নিবিড়ভাবে জড়িয়ে আছে পার্থক্যের বিষয়টি।নারীবাদী তত্ত্ব গুলির প্রতিষ্ঠাতার সময়ে কখনও দেখা যায়নি ভৌগোলিক অবস্থান, যোগসূত্র,স্থানিকতা গুলি নারী-পুরুষ উভয়ের মধ্যে পার্থক্য সৃষ্টি বা বিলুপ্তিতে ভূমিকা পালন করে। নারীবাদের তত্ত্বগুলি নিয়ে আলোচনা করলেই দেখা যায় নারী-পুরুষের দ্বৈত বিভাজন থেকে অনেক দূর এগিয়ে গেছেন সাম্প্রতিক বা আধুনিক যুগের নারীবাদী গবেষকরা।

ভূগোল ও নারীবাদ পরস্পরকে প্রভাবিত করেছে:- পাশ্চাত্যের দেশ গুলিতে যেখানে নারীবাদীরা সোচ্চার, সেসব দেশে ইতিমধ্যেই ভূগোল ও নারীবাদের মধ্যে মিলন ঘটা শুরু হয়ে গেছে।১৯৭০ সালে অ্যাপলইয়ড দেখিয়েছিলেন যে, একটি ভৌগোলিক বিষয় সম্পর্কে নারী ও পুরুষের বেদনা ও ধারণা কেমন আলাদাভাবে গড়ে ওঠে তার ফলাফল স্বরূপ এই সামাজিক অবস্থানের তারতম্যে। একদিকে নারীবাদী ভূগোল প্রত্যক্ষবাদী দর্শনে ব্যবহার করেছে মহিলা-পুরুষের গঠনগত ও জৈবিক পার্থক্য তুলে ধরেছে। পরবর্তীকালে নারীবাদী ভূগোল গবেষণার ক্ষেত্রে তাকে অন্তর্গত করা হয়েছে।এভাবে পুরুষের বদলে নারীকে সমীক্ষা করে মৌলিক দর্শনকে না বদলে বেশ কিছু ছবি আমাদের চোখে উদাহরণস্বরূপ তুলে ধরা যায়। যেমন:শহর ও গ্রামের মহিলাদের জীবনযাত্রার ধরণ,অর্থনৈতিক কাজকর্মের গুরুত্ব বিভিন্ন অঞ্চলে নারীদের শিল্পকর্ম বিশেষত কুটির শিল্পে অংশগ্রহণের তারতম্য দেখা যায়। অন্যরকম প্রতিক্রিয়া হিসাবে নারীদের সামাজিক ভূমিকা,পরিবেশগত অভিজ্ঞতা,উৎপাদন ও বংশবৃদ্ধির পার্থক্যকরণের দৈশিক প্রভাব প্রভৃতি বিষয়ে নজর দেওয়া হয়।এছাড়াও চিরাচরিত গবেষণার পদ্ধতির বদলে উন্নত,নতুন পরিকাঠামোযুক্ত পদ্ধতি।যেমন:

ক)গুণগত পদ্ধতি

খ)সাক্ষাৎকার পদ্ধতি

গ)বর্ণনামূলক পদ্ধতি

আধুনিককালে সমাজ,পরিবেশ,অর্থনীতি সংক্রান্ত বিষয়গুলি বেশি পরিমাণে প্রভাবিত হয়েছে নারীবাদ। ভৌগোলিকদের গবেষণাতেও নারীবাদের তত্ত্ব গুলির প্রভাব অনস্বীকার্য।প্রাত্যহিকতা,প্রাসঙ্গিকতা ও পার্থক্যের গবেষণায় নারী-পুরুষের ভিন্নতার দিকটি আলোকপাত হয়েছে।ভৌগোলিকরা বহুদিন ধরে নারী-পুরুষের ভিন্নতাকে জীবনের এক অংশ বলে দেখিয়েছেন,যা সৃষ্টি হচ্ছে বিভিন্ন দেশ ও কালের দৈনন্দিন আদান-প্রদানের মাধ্যমে। বর্তমানে ভূগোলের পঠনপাঠন ও গবেষণায় মানুষের লিঙ্গ বৈষম্যের ক্রমশ গুরুত্ব দেওয়া দরকার। যেহেতু নারীবাদী ভূগোল প্রধানত সামাজিক ন্যায় এবং মানবাধিকারের সঙ্গে বিশেষভাবে সম্বন্ধিত তাই ভিন্ন ভিন্ন সমাজে নারী-পুরুষ বৈশিষ্ট্য সেই সব সমাজে মানব জীবনের বৈশিষ্ট্যের রূপায়ণে গুরুত্বপূর্ণ।ধীরে ধীরে জ্ঞানতত্ত্ব গবেষণার পদ্ধতি এবং স্থান-অবস্থানের ভিত্তিতে প্রকৃতির বিভিন্ন দৃষ্টিভঙ্গির প্রতি আগ্রহকে স্থানান্তরিত লক্ষ্য করা গেছে।সমান অধিকারের বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে এর বিশাল অবদান এবং সুযোগ থাকা সত্ত্বেও বিশেষ করে অনুন্নত দেশ,গ্রামীণ এলাকা এবং সমাজের প্রান্তিক অংশে নারীদের প্রকৃত দুর্ভোগ সঠিকভাবে মোকাবিলা করা হয় না। এই বিষয়ে নজর দেওয়া গুরুত্বপূর্ণ। অবশ্য এখনও নারীবাদী ভূগোলের চ্যালেঞ্জিং ক্ষেত্রে হিসাবে থেকে গেছে।

রেফারেন্স হিসেবে:

ক)ভূগোল দর্শন:জ্যোতির্ময় মুখোপাধ্যায়

খ)ভূগোল চিন্তার বিকাশ:কুন্তলা লাহিড়ী-দও

গ) ডেভেলপমেন্ট অফ জিওগ্রাফিক্যাল থট: রামকৃষ্ণ মাইতি

মৌমিতা মৈএ মাইতি

হরিদ্বারে কিছু দিন

ঈশিতা হালদার

সেমিস্টার- ৪

সালটা ২০১৪, তখন ক্লাস ৫ এ পড়ি। পুজোর ছুটিতে সবাই মিলে পারি দিলাম দেব ভূমির উদ্দেশ্যে, উত্তরাখণ্ডের হরিদ্বার। তিলোত্তমা ছেড়ে এত দূরে প্রথমবার। খুব অধীর ছিলাম। যাত্রা শুরু হলো ১৪ ই অক্টোবর, দুপুর ১ টার সময় ট্রেন ধরলাম হাওড়া থেকে। অক্টোবর মাস গ্রামের মাঠ জুড়ে কাশ ফুল, বিভিন্ন ধরনের ফসল, নদী - নালা, গ্রামের ঘর বাড়ি, নীল আকাশ দেখতে দেখতে আর রাতে গল্পের বই পড়ে ২ দিনের ট্রেন জার্নির পর পৌছলাম হরিদ্বার। পৌঁছাতে পৌঁছাতে সন্কেয় হয়ে গিয়েছিল তাই আর বেশি কিছু করা হয়নি। পরের দিন সকাল বেলা গিয়েছিলাম গঙ্গা দর্শনে। দেখে তো অবাক। আমাদের কলকাতার সেই শান্ত হুগলি নদী একই রূপ। দুর্গা পুজোর পর থেকে কালি পুজোর আগে পর্যন্ত হয় গঙ্গা সাফ সাফাই এর কাজ। সেই সময় গঙ্গার মূল ধারা কে ঘুরিয়ে অন্য দিক থেকে প্রবাহিত করা হয়। গঙ্গায় খুব সামান্য পরিমাণে জল থাকলেও তার স্রোত কিন্তু কিছু কম নয়। গঙ্গা দর্শনের পর গিয়েছিলাম মনসা মন্দির আর চণ্ডী মন্দির দর্শনে। অনেকটা পথ, প্রথমে বাসে পড়ে রোপে করে উঠলাম পাহাড়ে। পাহাড়ের গায়ে জঙ্গল তাতে কত বাঁদর, হরিণ আর ময়ূর দেখলাম। এই প্রথম বার সামনে থেকে এত ময়ূর দেখেছিলাম। পরের দিন গেলাম ঋষিকেশ, লক্ষণ বুল্লা, রাম বুল্লা দেখতে। সে এক আলাদাই অনুভূতি, নিচে স্রোতস্থিনী গঙ্গা বয়ে চলেছে আর ওপরে বুলন্ত ব্রিজ। গঙ্গার রূপ ভয়ংকর সুন্দর। যাত্রা পথে গঙ্গার সব গতির সাথেই পরিচিত হলাম। পরের দিন গেলাম মুসৌরিতে। পাহাড়ের আঁকাবাঁকা পথ দিয়ে চলছিল বাস, দুপাশে অপরূপ সুন্দর মেঘে ঢাকা পাহাড়। মনে হচ্ছিল যেন পাহাড় মেঘের চাদরের ভেতর লুকোচুরি খেলছে। রাস্তার ধারে পাহাড়ি ঝরনা সেই শোভা কে আরো বাড়িয়ে তুলেছিল। কিন্তু সব থেকে সুন্দর ছিল কম্পটি ফলস। দুধের মত সাদা জল নেমে আসছিল পাহাড়ের বুক থেকে। মুসৌরির আবহাওয়া বোঝা দায় এই বৃষ্টি তো এই রৌদ্রোজ্জ্বল আকাশ। এরই মধ্যে বাঁধিয়ে বসলাম জ্বর। এই কারণে পরের দিন গঙ্গাস্নান বাতিল হল। মন খারাপ করে বসে ছিলাম ঘরে। আর মনে মনে ভাবছিলাম রাতের ট্রেনে বাড়ি ফিরব আর কি আমার গঙ্গাস্নান করা হবে না? ঠিক সেই সময় দেখলাম কিছু লোক গঙ্গাস্নান করে ফিরছেন। তাও আবার আমাদের ধর্মশালার পেছনের গেট দিয়ে। আমি তো অবাক, গিয়ে দেখি একি মা গঙ্গা তো আমাদের ধর্মশালার পেছন দিয়ে বয়ে চলেছে আমি আগে তা জানতামই না। আর কে আমাকে আটকায়, সবাইকে নিয়ে চলে গেলাম গঙ্গার উদ্দেশ্যে। গিয়ে দেখি সে আরেক কান্ড, আগেই বলেছিলাম এখন গঙ্গায় জল কম মনে হচ্ছিল যেন এক বিশাল ফাঁকা মাঠ তার মাঝখান দিয়ে একটা সরু নদী বয়ে চলেছে। সবাই মিলে হেঁটে হেঁটে চললাম জলের উদ্দেশ্যে। স্রোতের দুই দিকে বিস্তীর্ণ এলাকা শুকনো বড় বড় পাথরে ভরা। আর মাঝখান থেকে বয়েছে স্রোতস্থিনী গঙ্গা। গঙ্গা থেকে কিছু পাথর এনেছিলাম বাড়ি নিয়ে যাব বলে। সেগুলো এখনো যত্ন করে রেখে দিয়েছি স্মৃতি হিসেবে। সেদিন খুব মন খারাপ লাগছিল, এত সুন্দর জায়গা ছেড়ে বাড়ি চলে যেতে হবে বলে। কিন্তু বেশিদিন থাকাও যাবে না কারণ কদিন পর স্কুল খুলে যাবে। তাই সন্কেবেলা গঙ্গা আরতি দেখে চলে আসলাম স্টেশনের দিকে রাত দশটার ট্রেন। ট্রেন রওনা দিলো কলকাতার উদ্দেশ্যে।

AN ENCOUNTER WITH A B.Sc GEOGRAPHY STUDENT

Kiran Kumari Shaw
Semester- 4

Today I met a college girl with a book of Atlas in her hands,
She was holding a big paper map and nearby me she stands.

Then I saw her ID card, B.Sc Geography was written over there,
I couldn't resist myself from asking her coz of this I wasn't aware.

She replied to me in a geographical way which I found not easy to
adapt,
That how can she be studying an arts subject by going to a lab.

Because she said Geography is not just about measuring centimetres
and miles,
Rather it is called from the very beginning the mother of the science.

Then she showed me her geo box full of mathematical instruments,
And started doing some calculations using trigonometrical arguments.

This encounter as a whole transformed my overall conception,
"Geography is so boring", and this was just my misperception.

That day only I decided of taking B.Sc Geography in future,
And now I too am studying an arts subject which is scientific in nature.

সমুদ্র ভ্রমণের অভিজ্ঞতা: পুরী

কৃষিকা বিশ্বাস

সেমিস্টার- ৬

অনেকদিন ধরে একঘেয়ে পড়াশোনা আর কলেজ করে যেতে কারোরই ভালো লাগে না। তাই বছরে একবার করে ভ্রমণের উদ্দেশ্যে বেরিয়ে পড়ি। সবসময় যে খুব দূরেই যেতে হবে তার কোনো মানে নেই। কাছাকাছি কোথাও ঘুরতে গিয়েও এই আনন্দ করা যায়। গত বছর আমরা এইরকমই কাছাকাছি এক জায়গায় ভ্রমণে গিয়েছিলাম।

সমুদ্রের প্রতি আমার একটা ভালোবাসা আছে সেটা অস্বীকার করতে পারি না। তাই আমরা সপরিবার ১লা মার্চ বেড়াতে যাব ঠিক করা হয়।

আমরা ১লা মার্চ রাত ১০টা নাগাদ বেড়িয়ে পড়লাম পুরীর উদ্দেশ্যে। সকাল ৬টায় ট্রেন থেকে নেমে টোটো করে হোটেলের উদ্দেশ্যে যাওয়ার সময় সমুদ্রের গর্জন আর হালকা ঠান্ডা হাওয়ায় প্রাণটা জুড়িয়ে গেল। হোটеле পৌঁছে কিছুক্ষণ বিশ্রাম করে চলে এসেছিলাম সমুদ্রের পাড়ে, সেখানে লোকে লোকারণ্য, কেউ আছে বালিতে বসে, আবার কেউ ঝিনুক কুড়াচ্ছে, ছবি তুলছে। হঠাৎ দেখি একটি ঢেউ এসে ভিজিয়ে দিয়েছে পা। তারপরই চোখে পড়ল অন্তহীন নীলের বিস্তার। সাদা ফেনা বুকে নিয়ে ছুটে আসছে একের পর এক ঢেউ। যতদূর দেখছি শুধু জল আর জল। এরপর দিন সকালে সমুদ্রের ধারে লুচি তরকারি আর জিলিপি খেয়ে সকালের টিফিন খেয়েই নেমে পড়লাম সমুদ্রে। স্নান করে মন ভরে গেল।

দ্বিতীয় দিন সকালে বেড়িয়ে পড়লাম চেনা পথে অচেনাকে জানার উদ্দেশ্যে। প্রথমেই আমরা গিয়েছিলাম কোনার্কের সূর্য মন্দির। পুরীর এই অপূর্ব স্থাপত্য শৈল সমৃদ্ধ ঐতিহাসিক মন্দিরকে ইউনেস্কো 'World Heritage' হিসেবে স্বীকৃতি দিয়েছে। এছাড়াও উদয়গিরি, খন্ডগিরি, লিঙ্গ রাজ মন্দির, নন্দনকানন প্রভৃতি জায়গায় গিয়েছি। এরপর কাছাকাছি একটা রেস্টোরাঁয় খাওয়া দাওয়া সেরে, কিছুক্ষণ বিশ্রাম নিয়ে বিকেলের দিকে বেড়িয়ে পড়লাম সমুদ্রের মনোরম হাওয়া ও দৃশ্য উপভোগ করার জন্য। তারপর কেনাকাটা করে হোটেল ফিরে এলাম।

তৃতীয় দিন সকালে স্নান করে বেড়িয়ে পড়লাম পুরীর জগন্নাথ মন্দির দর্শনে। এরপর সমগ্র মন্দির দর্শন করে পূজো দিয়ে বিকেলে আবার মন্দির গেলাম। মন্দিরের পতাকা উত্তোলন দেখে আশ্চর্য হলাম। আমার বয়সী কিংবা আমার চেয়েও ছোটো একটি ছেলে যেভাবে মন্দিরের গায়ে বেয়ে চুড়ায় উঠে ধ্বজা উড়িয়ে দিল তা ভাবাই যায় না।

চতুর্থ দিন পুরী ভ্রমণের এবারের মত আমাদের শেষ দিন ছিল। ওইদিন সকালে পুরীর বিখ্যাত গজা কিনে স্টেশনের দিকে রওনা হলাম। এই পুরীর ভ্রমণই আমাকে প্রথম সমুদ্রের সাথে পরিচিত করিয়েছে।

এই পুরী ভ্রমণ আমার কাছে চিরস্মরণীয় হয়ে থাকবে। আবার সুযোগ পেলে সমুদ্রের টানে পুরী যাবই।

অস্তিত্ব সায়নী নন্দী সেমিস্টার- ৪

সকলের ব্যাস্ততা যেনো ঢেকে দিয়েছে তার অস্তিত্ব। একা ঘরে জানলার দিকে তাকিয়ে বসে সে, রিমির গলার স্বরে প্রাণ পেলো সন্ধ্যাদেবী। "ঠাম্মি ও ঠাম্মি কলেজে আজ পিকনিক, বাবা মাকে তুমি সামলে নিও অফিস থেকে ফিরলে"। হস্তদন্ত হয়ে রিমির চলে যাওয়ার পর আবারো সন্ধ্যাদেবীর ঘরটা নিঃসঙ্গ হয়ে গেলো। জানালার দিকে তাকাতেই চোখে পড়লো কয়েকজন তাগড়া মানুষ সামনের জমির গাছ গুলো কেটে ফেলছে। বড়ো বড়ো বাড়ির ভিড়ে গাছ গুলো বড্ড অসহায় দেখাচ্ছে, যেমনটা সারাদিনের ব্যাস্ত মানুষের ভিড়ে সন্ধ্যাদেবীকে মনে হয়। বাড়ির সব কাজেই সন্ধ্যাদেবীকে হাত লাগাতে হয় যদিও তার বয়স প্রায় সত্তর ছুইছুই তবু সংসারে তিনি ছাড়া সব অচল। তাও যেনো গাছ গুলোর মতোই তার কদর বোঝা সকলের কাম্য নয়। রিমির ঠাম্মির সংসারের মত জগত সংসারকে বাঁচিয়ে রেখেছে অসহায় গাছগুলো, প্রতিনিয়ত যে বিষ পান করে অমৃত দিয়ে আমাদের নিজের ছায়ায় আগলে রেখেছে তার অবস্থাও ঘরের পরে থাকা আবর্জনার সমান, যা সাফ করে নির্বোধেরা নিজেদের স্বার্থ চরিতার্থতায় ব্যাস্ত। মনে মনে ভাবে সন্ধ্যাদেবী "তবে গাছেদের মত প্রয়োজন ফুরোলো বোধয়"।

এর মধ্যেই অসময়ে হটাৎ বৃষ্টি নামার কারণে গাছগুলি যেনো নিস্তার পেলো কাঠারির আঘাত থেকে। তার শাখা কেটে ফেলাই যাদের কাজ, বিপদে তারাই কাঠারি ফেলে দিয়ে সেই শাখায় আশ্রয় নিল। প্রকৃতির দ্বারা গাছগুলির প্রাণ রক্ষা দেখে সন্ধ্যাদেবী যেনো একটু স্বস্তির নিশ্বাস ফেললো। প্রকৃতি তাকে কিছু যেনো জানান দিল। গাছেদের মতোই সর্বদা তার প্রয়োজন রয়েছে। সৃষ্টি হয়েছে যাদের হাতে তাদের প্রয়োজনের মাপকাঠি মাপা এ যুগের আধুনিক মানুষদের সাধ্যের বাইরে। তারা বোঝে না ক্রমশ গ্রাস করছে নিজেদের জীবন। তারা বোঝে না সভ্যতার নামে কংক্রিটের পরিবেশ গড়ছে, তারা বোঝে না সৃষ্টিকর্তাও ধ্বংসলীলায় মেতে উঠতে পারে।

समुद्र की समस्या

प्राची साव

सेमेस्टर- 4

जिस प्रकार ज़मीन पर भिन्न प्रकार के जीव-जंतु रहते हैं उसी प्रकार जल में भी भिन्न प्रकारके जंतु मौजूद हैं जिसे हम जलचर जीव कहते हैं। समुद्रमें करिब 2 लाख से अधिक प्रजातियाँ विचारन करती है। बैक्टीरिया की 35 हजार प्रजातियाँ, वायरस 5 हाज़र और एक कोशिकिया पौधेकी करिब 1.5 लाख नई प्रजातियों की खोजी गई है। कुछ ऐसे भी जीव हैं जो जल और स्थल दोनों में रहते हैं जिसे हम उभयचर कहते हैं।

परंतु आज कल कुछ टूरिस्ट अपने कछड़ा, प्लास्टिक समुद्र में बाहा देते हैं जिसे समुद्र में रहने वाले जिवो को बहुत से कठिनाइयों का सामना करना पड़ता है। समुद्री जीव प्लास्टिक की बोतल, पाइप (straw), कांटा (Fork), और प्लास्टिक बैग जैसे चीज़ें निगल लेते हैं जिस की कारण जिवों की आहार नली अवरुद्ध हो जाती है। छोटे जिवों को प्लास्टिक से बहुत परेशानी होती है, प्लास्टिक उनके नाक गले, मुँह, में फस जाता है और बड़े होने पर उन्हें बहुत ज्यादा परेशानी होता है, जैसे सांस लेने में, खाने में समस्या होती है।



समुद्र में हर साल 8 से 12 मिलियन टन प्लास्टिक का पता चलता है। वर्तमान में 75 से 199 मिलियन टन प्लास्टिक कछड़ा है, इसके अलावा 33 बिलियन पौंड प्लास्टिक समुद्र में मौजूद है। हर दिन प्लास्टिक का लगभग 80 लाख टुकड़े समुद्र में पहुँचता है।

प्लास्टिक से सिर्फ समुद्री जिवों को ही नहीं हम इन्सानो को भी समस्या हो सकती है। नए खोज के अनुशर, मानव के द्वार खाये जाने वाले मछलियों में 75% प्लास्टिक पाया जाता है। जैसे प्रजानन, अस्थमा, मोटापा, फेफड़े के विकास और बचपन में कैंसर जैसे रोग का खतरा बढ़ जाता है। वैज्ञानिकों के द्वारा नई खोज में ये ही पता चला है कि इनसे विद्यार्थियों की गतिविधि में कमी और स्कूल शिक्षा में कामजोर व्यापार के साथ-साथ लीवर की समस्या भी शामिल है। लोगों के लिए सबसे अधिक परेशानी की बात यह है कि प्लास्टिक से जुड़े जहरीले यौगिक मछली के ऊतकों और जैवसंचय को स्थानांतरित करते हैं।

बाजार जयें तो अपने साथ कपड़े के या कागज के बैग का उपयोग करें। ये खतरा इसलिए है क्योंकि ये मिट्टी की गुनावत्ता को खतम कर देता है। ये इनस्नो के साथ-साथ समुद्री जिवो के लिए अच्छा नहीं है।

इसलिए प्लास्टिक का उपयोग नहीं करें और अपने साथ-साथ समुद्री जिवों की भी रक्षा करे, समुद्र को भी गंदा होने से रोके।

পুরুলিয়ার অভিজ্ঞতা

সুষমা দিল্ডা

সেমিস্টার- ৬

দিনটা ছিল সেপ্টেম্বরের ২৫, ২০২৩। প্রথমবার মা-বাবাকে ছেড়ে প্রায় দুদিনের জন্য বাইরে যাব কলেজের শিক্ষামূলক ভ্রমণে। একটু একটু ভয় তো করছিলই, কিন্তু সেই ভয় আর কলেজের বান্ধবীদের সাথে ঘুরতে যাওয়ার আনন্দ দুই অনুভূতির সাথে বাইরে যাওয়ার জন্য প্রস্তুতি নিলাম, কারণ রাত ১১:৫৫ মিনিটে ট্রেন।

জানি আমার মত হয়ত সবার মনেতে একটু ভয় আবার একটু আনন্দ হচ্ছিল কিন্তু আমি বলতে পারি যে সবার থেকেও একটু বেশি আনন্দ যেন আমার মনেতেই হচ্ছিল কারণ পরের দিন ২৬ শে সেপ্টেম্বর যে আমার জন্মদিন। উফঃ ভাবলে আলাদা একটা অনুভূতি হচ্ছিল কারণ জন্মদিনের দিন বান্ধবীদের সাথে আড্ডা, নতুন জায়গা ঘোরা, নতুন মানুষদের চেনা।

কথামতো পরের দিন অর্থাৎ ২৬ শে সেপ্টেম্বর পৌঁছালাম আমরা সবাই পুরুলিয়ার মাটিতে, বরাডুম স্টেশনে পৌঁছে একটা স্করপিও করে আমরা পৌঁছে গিয়েছিলাম রঞ্জিনী রিসোর্টে সেখানেই আমাদের থাকার কথা। ম্যাম স্যার দায়িত্ব র সাথে খুব যত্ন করে আমাদের গাইড করেছিলেন একদম যেনো বাড়ির লোকের মতো। খুব ভালো লেগেছিল।

রিসোর্টে পৌঁছে সবাই সবার রুমে চলে গেলাম সবার রুমে সাধারণত চারজন বা তিনজন করে রুম পার্টনার ছিল আমার রুমে আমরা চারজন বান্ধবী ছিলাম। খুব মজার সাথে আমরা তৈরি হয়ে সকালের জলখাবার খেয়ে বেরিয়ে পড়লাম কাজের জন্য।

আমাদের কয়েকজনের ভাগে পড়েছিল হাউসহোল্ড সার্ভে। হাউসহোল্ড সার্ভে করতে গিয়েই আমার একটা নতুন অভিজ্ঞতা হয়েছিল ওখান কার মানুষ দের নিয়ে। কারণটা শুনলে হয়তো অবাক হবে সবাই। প্রথমে কয়েক টা বাড়ি করার পর ৫ম বাড়িতে যাওয়াতে সেই বাড়ির লোকেরা আমাকে অল্প সময়ের মধ্যেই বাড়ির মেয়ের মতন আদর যত্ন করতে লাগল আমি তো নিজেই অবাক আমাকে ঘরে এসে বসতে বলা, মিষ্টি খাওয়ানো, দুপুরে খাবার খেয়ে যাওয়ার জন্য অনুরোধ করা।

সত্যি মানুষ গুলো খুবই সরল, খুবই খাঁটি মনের। কতো সহজে আপন করে নিতে পারে সবাইকে। আমার জন্মদিনের দিনে অচেনা অজানা মানুষদের থেকেও এত ভালবাসা পাওয়া এত আপন ব্যবহার পাওয়া সত্যি খুব বড় পাওনা। ওরা কিন্তু কেউই জানত না আমার জন্মদিনের কথা। তবুও না জানতেও এত ভালোবাসা পাওয়া, এটা আমার জীবনে সত্যি এক ভালো অভিজ্ঞতা।

যাই হোক যেতে তো হবেই তাই যাওয়ার আগে ওই বাড়ির বাচ্চাদের হাতে কিছু লজেন্স দিয়ে বেরিয়ে পড়ি। বাচ্চা গুলো খুব খুশি হয়েছিল। দেখেও খুব ভালো লাগছিল। রিসোর্টে ফেরার পথে কিছুক্ষণ পর আমি অনুভব করলাম যে নিজের বাড়ি ছেড়ে এসেও আমার সেই দুঃখটা যেন কোথায় হারিয়ে গেছে এখানকার মানুষের ভালোবাসায়। রিসোর্ট এ এসে দুপুরে খাবার খেয়ে মাঠে সব বান্ধবীরা কিছুক্ষণ খেলা করে সবাই তৈরি হতে গেলাম কারণ বিকেলে আবার হোটেল সার্ভের কাজ আছে। সেদিন ভালোভাবে কাজ হয়ে যাওয়ার পর রিসোর্ট এ ফিরে আমরা সব বান্ধবীরা মিলে টুথ অ্যান্ড ডেয়ার খেলা খেলে রাতের খাবার খেতে যাই। খুব আনন্দের সাথেই কেটেছিল ওই দিনটা।

ও হ্যাঁ ওখানে আমার একটা নতুন বন্ধুও হয়েছিল পুকু। নামটা যদিও আমি দিয়েছিলাম ওকে।

পুকু কে দেখে সবাই খুব ভয় পেতো কিন্তু ওকে দেখে আমার একটুও ভয় করত না। আমি যেখানেই যেতাম ও সেখানেই যেত। আমার খাওয়া হয়ে যাওয়ার পর আমি ওকে বিস্কুট নিমকি খাওয়াতাম ও যেন জানত যে আমি কোথায় যাচ্ছি। কোথায় আছি। কি কাজ করছি। একবার তো এমন হয়েছিল যে আমরা সবাই মুখোশ কিনতে গিয়ে মুখশ গ্রামে গিয়েছিলাম প্রায় এক কিলোমিটার হেঁটে ওমা দেখি পুকু আমার সাথে সাথে গেছে যদিও ওখানে গিয়ে অনেকক্ষণ পর আমি দেখতে পাই যে পুকু ও এসেছে আমাদের সাথে। খুব ভালো লাগছিল তবে হ্যাঁ আমার নতুন বন্ধু পুকু কিন্তু মানুষ না ও কিন্তু একটা ভালো কুকুর। আসার দিন বেশি করে মনটা খারাপ করছিল ওর জন্য তাই ওর জন্য কিছু বিস্কুট আর নিমকি রেখে এসেছিলাম, ও তো তখন বুঝতেই পারেনি, যে আমার আর ওকে খেতে দেওয়া হবেনা, আর দেখাও হবেনা,ওতো ঘুমাছিলো তখন। আজও খুব মন খারাপ করে ওর জন্য।

পরের দিন, মানে ২৭শে সেপ্টেম্বর আমরা সবাই একদম জমিয়ে সাজগোজ করে ফুরফুরে মেজাজের সাথে আমরা বেরিয়ে পড়ি পুরুলিয়ার মাধুর্য উপভোগ করতে। লহরিয়া শিব মন্দির, আপার ডাম, লোয়ার ডাম, বামনি ফলস, ময়ূর পাহাড়, পাখি পাহাড় ছাড়াও পুরুলিয়ার আরও অনেক সুন্দর সুন্দর প্রাকৃতিক দৃশ্য দেখে খুশি খুশি মনে আমরা ফিরে এলাম রিসোর্টে। তারপর দুপুরের খাবার খেয়ে কিছুটা বিশ্রাম। বিকেলে আবার ছৌ নাচের অনুষ্ঠান সাথে গরম গরম চিকেন পকোড়া ও গরম গরম কফি আবার অনুষ্ঠান শেষে বান্ধবীদের সাথে আড্ডা আহা এই দিন কখনোই ভুলে যাওয়ার মত না, সারা জীবন মনে থাকার মত। আবার ম্যাম্ র সাথে সব বান্ধবীরা মিলে গল্প করা। সত্যি কলেজ জীবনে ম্যাম্, স্যার রাও কত ভালো আর কাছের হয় সেটা সেদিন আরও ভালো করে বুঝেছিলাম।হয়তো পুরুলিয়ার না গেলে এই ভালো অভিজ্ঞতার সাক্ষী হতাম না। রোজকার কলেজ জীবনের ক্লাসরুমের বাইরেও আমরা যেন একদম আলাদা দুই মানুষের দেখা পেয়েছিলাম। সেদিন রাতে খাবার খেয়ে আমরা বান্ধবীরা কিছুক্ষণ একটু আড্ডা দিয়ে ঘুমিয়ে পড়ি। সকাল, এইবার তো যেতেই হবে বাড়ি ওই দিন মনটা খুব খারাপ ছিল কারো সাথেকথা বলতে ইচ্ছা করছিল না। মন খারাপ করছিল বেশি করে পুকুর জন্য।

ট্রেনেও আমার মনটা একটু একটু খারাপ ছিল কিন্তু বান্ধবীদের সাথে আড্ডার আসর, গান আসরে সবার তালে তাল মিলিয়ে গান গাইতে গাইতে মনটা ভালো হয়ে গিয়েছিল। আড্ডা,গানের তালে,আনন্দ করতে করতে কখন যে চলে এলাম আমার প্রাণের শহর কলকাতাতে বুঝতেই পারিনি। তারপর ম্যাম আমাদের অ্যাটেনড্যান্স নিয়ে নেওয়ার পর আমরা সবাই ম্যাম্, স্যার দেব সাথে কথা বলে ও আমরা একে ওপরকে বিদাই জানিয়ে এবং কিছু সুন্দর স্মৃতি নিয়ে যে যার নিজেদের অভিভাবক দেব সাথে বাড়ি পৌঁছে যাই।

যাই হোক এই দুদিনের অভিজ্ঞতা তো কয়েকটা পাতার মাধ্যমে বোঝানো যায় না,কিছু কিছু অনুভূতি স্মৃতি হয়ে আজীবন মনেতেই থেকে যায়।

যদি কখনো আবার সম্ভব হয় নিশ্চয়ই যাবো পুরুলিয়ার মাটিতে,পুরুলিয়ার মানুষরা সত্যি খুব খাঁটি মনের। ওরা ভালোবাসতে জানে ওরা আপন করতে জানে। ওরা সত্যি খাঁটি ওরা সত্যি সরল। ওনাদের ভালোবাসা পাওয়া,ম্যাম্ -স্যার দেব সাথে ঘুরতে যাওয়া, তাদের ভালোবাসা পাওয়া, বান্ধবীদের সাথে জমিয়ে আড্ডা,ট্রেনে গান গাওয়া সব মিলিয়ে এই দুদিনের অভিজ্ঞতা আমার জীবনে খুব ভালো স্মৃতি হয়ে রয়ে যাবে।

TRAVELOGUE

Europa Roy

Semester- 2

One of my passion is travelling. Travel involves visiting new places, meeting several new people getting to know about their culture and cuisine. I like to travel various places, explore new things and I love adventures. Suddenly a miraculous thing happened with me, after completing my exam and going through a hectic schedule, my father came to me and handed me an envelope. I got very excited to know what's inside, as he knew that I was getting bored these days. As I opened, I found out that it was a train ticket from Howrah to Mysore. The ticket was for tomorrow's train and so we started packing our luggages, arranging everything hastily. My excitement this trip was coming near to me. The very next day we boarded our train at 04:15 pm and it will reach Mysore next day. It was a very lovely train journey moving through the lush green valleys and the vast sky with its ever changing canvas. Finally after a long journey of about 1480 km we reached Mysore.

Mysore is a major tourist attraction in Karnataka. Completing our check-in at our hotel, the very first place we visited was the "Mysore Palace". I was mesmerized by its beauty. Next we visited a very old museum which had beautiful sculptures of the renowned artists and among those the most fabulous paintings was by Raja Ravi Verma. He painted in his own style as if the person is alive and it was so much realistic. After visiting several places, we went to a restaurant to try the authentic Mysore cuisine. Firstly we ate the most famous "Mysore Dosa" and "Maddur Vada", and then we tried "Ragi Mudde" and "Mysore Pak". The taste of all these dishes are still there in my mouth.

On the very next day we visited Mysore local market and we got to know about sandalwood and rosewood artifacts, stones, sculptures and silk sarees. Being a member of Indian family, saree is always an emotion to us, and so I could not resist myself from buying those sarees. On the evening, we visited "Chamundi Hills", it was quite a breathtaking view from the hills. Gradually we visited the famous "Temple of Chamundeshwara". Finally it was our last night at Mysore and with all those pleasant memories we had to leave for our home, Kolkata.

After a long journey, I started missing the comfort of the cozy bed in my room and also the easy meals which are very delicious. I had a mixed bouquet of feelings about leaving Mysore and then coming back to my home.

Bibliography : <https://www-ielts-menter.com>

প্রথম দর্শন

ঋতুপর্ণা পাত্র

সেমিস্টার- ৬

বেড়াতে যাওয়া আমার খুব একটা পছন্দ নয়। এছাড়া তারাপীঠ, মায়াপুর, দেওঘর, মেসেঞ্জার, বক্রেস্বর ছাড়া দূরে কোথাও যায়নি কখনো, না পাহাড় দেখেছি না সমুদ্র। একটা সুপ্ত ইচ্ছা ছিলো পাহাড় দেখার যা কখনো বাবা মাকেও বলা হয়ে ওঠেনি।

২২ শে এপ্রিল, দুপুরবেলা আমার প্রথম সেমিস্টারের রেজাল্ট বেরিয়েছে, আমাদের ভালো ফল দেখে গৃহশিক্ষক আমাদের সকলের কাছে পশ্চিম সিকিম ঘুরতে যাওয়ার প্রস্তাব রাখেন। প্রথমে আমাদের মনে হল মজা করছেন কিন্তু পরবর্তীতে সেটাই সত্যি হয় এবং ৭ই মে রাত ১১ টার ট্রেন ধরে আমাদের যাত্রা শুরু হয়। আমাদের বলতে আমি, আমাদের শিক্ষক ও তার স্ত্রী এবং আমার আরও ৫ জন বন্ধু। আমাদের গন্তব্য নিউ জলপাইগুড়ি, যাওয়ার পথে ফারাক্কা বাঁধ এবং তার পাশে বিরাট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, মালদার আমবাগান, ভুট্টা খেত, চা বাগান আমাদের দৃষ্টি আকর্ষণ করেছিল।



স্টেশন পৌঁছতে অনেকটা দেড়ি হয়েছিলো তাই তাড়াহুড়ো করে আগে থেকে ঠিক করে রাখা গাড়িতে সমস্ত জিনিস তুলে দিয়ে পাশের একটা দোকান থেকে জলখাবার সেরে গাড়িতে উঠে বসলাম। অনেকটা রাস্তাই যেতে হবে আমাদের এখন গন্তব্য পশ্চিম সিকিম এর হি বার্মীয়ক এর একটা বাঙালি হোমস্টে।

রাস্তা দিয়ে যেতে যেতে যখন প্রথম পাহাড় দেখি সেই অনুভূতি লিখে প্রকাশ করা যায়না, কি অপূর্বই না সেই দৃশ্য। সেবক রোডের মনোরম দৃশ্য দেখতে দেখতে অবশেষে পাহাড়ের পাদদেশে তিস্তা নদীর কোলে এসে পৌঁছলাম। কাঁচের মত পরিষ্কার জল, নদী শান্তই ছিলো এবং জলের পরিমাণও নদীতে কম ছিলো।

যেতে যেতে পথে তিস্তা নদীর অপর নির্মিত ছোট বড়ো বাঁধ, মানুষের নদীর ওপর সরফিং করা, সবুজে ঢাকা মনমুগ্ধকর দৃশ্য দেখছি এমন সময় দেখি পাহাড় এর কোথাও গাঢ় সবুজ আবার কোথাও হালকা রং যেন মনে হচ্ছে কেউ রং তুলি দিয়ে একে দিয়ে গেছে প্রথমটায় বুঝতে পারিনি, পরবর্তীতে বুঝি সেটা ছিল রোদ ও মেঘ এর খেলা।

হোমস্টেটে পৌঁছে খাওয়া দাওয়া সেরে আমাদের মালিক এর কথামতো কাছের একটা বড়ো খেলার মাঠ ও মনেস্ট্রি দেখার উদ্দেশ্যে বেরিয়ে পড়ি। মাঠ টা দেখে সমান্য অবাকই হয়েছিলোম,এতোটা উঁচুতে এতো বড়ো মাঠ আমাদের ভাবনার বাইরে ছিলো।সন্ধ্যে নামার মুখে ফিরছিলাম সকলে এমন সময় চোখের সামনে যা দেখলাম তা লেখার মাধ্যমে প্রকাশ না করা গেলেও এইটুকু বলতে পারি মহাকাশের সমস্ত নক্ষত্রগুলি একসাথে পাহাড়ের বুকে নেমে এসেছে।সেই দিনটা রাত্রের বাঙালি খাওয়াদাওয়ার মধ্যে দিয়ে শেষ হয়েছিল। আমরা সেখানে আরও 3 দিন ছিলাম। প্রত্যেক দিন সকালে তৈরী হয়ে সাইটসিন এর উদ্দেশ্যে বেরিয়ে পড়তাম ও ফিরতাম বিকেল গড়িয়ে সন্ধ্যের মুখে।এত দিনে আমরা পেলিং,রাবাংলা,রাবডেল্লি রুইন্স,চারধাম,পেমায়াংটসে মনেস্ট্রি,সিংসরে সাসপেনশন ব্রিজ ইত্যাদি জায়গাগুলি ঘুরেছিলাম। প্রত্যেক স্থানের আলাদা আলাদা প্রাকৃতিক দৃশ্য আমাদের মুগ্ধ করেছে। আমরা অনেক গুলি বৌদ্ধ ধর্মাবলম্বী মনেস্ট্রি দেখেছি, যেখানকার ধ্বংসশূন্য নীরবতা ও শান্ত পরিবেশ ঐ স্থানের সৌন্দর্যকে আরও বৃদ্ধি করেছে।এই মনেস্ট্রিগুলির দেওয়ালে থাকা চিত্রকলার মধ্যে দিয়ে গৌতম বুদ্ধের জন্মলগ্ন থেকে মৃত্যু বরণ পর্যন্ত ঘটনা এবং বিভিন্ন দেবতাদের ছবি বিভিন্ন ধরনের রঙতুলির মাধ্যমে ফুটিয়ে তুলেছেন তারা যা বিভিন্ন সংস্কৃতিক বৈশিষ্ট্যকে বহন করে চলেছে। চিত্রগুলি ছিলো অতুলনীয়।

এখানে খাদ্যের মধ্যে বিভিন্ন বৈচিত্র দেখা যায়। তিব্বতী থেকে বাঙালি, অসমিয়া, কন্টিনেন্টাল সবরকমের খাবারের সংমিশ্রণ ঘটেছে এই অঞ্চলে।

গাছ আমার খুব পছন্দের, এখানেই প্রথম গাছের ওপর বিরাট ফার্ন ও অন্য গাছ দেখে হতচকিত হয়েছিলাম।এগুলো ছাড়াও নতুন নতুন ধরনের নাম না জানা প্রচুর ফুলের গাছ,অর্কিড হয়, পাইন,বিভিন্ন ধরনের ফার্ন,বড়ো এলাচ,গোলাপ, ধুতরা ফুল গাছ দেখেছিলাম। উল্লেখ্য বলতে হই যে ব্ল্যাকবেরি ও স্ট্রাবেরি গাছ থেকে তুলে খাওয়ার সুযোগ হয় আমাদের হোমস্টের বাগানে।

আমরা সেখানে যে তিন দিন ছিলাম ঐ তিন দিন একবারের জন্যও কাঞ্চনজঙ্ঘা চোখে পড়েনি আমাদের।অবশেষে ফেরার দিন অর্থাৎ 11 ই মে ভোরবেলা দর্শন পাই পৃথিবীর তৃতীয় বৃহত্তম শৃঙ্গের।

অতঃপর হোমস্টে থেকে জিনিসপত্র নিয়ে আমাদের ট্যুরের সর্বশেষে স্পট রামিধাম ঘুরে আমরা আমন্ত্রণ রক্ষা করতে ড্রাইভার দাদার বাড়ি আতিথেয়তা গ্রহণ করি ও সেখানে জল খাওয়ার সেরে সেখান থেকে কিছু পাথর সংগ্রহ করে স্টেশনের উদ্দেশ্যে বেরিয়ে পড়ি দুপুর বেলা।

সত্যি বলতে এতদিন শুনেছি যে পাহাড়ি মানুষেরা খুব ভালো হয় কিন্তু সেইদিন গুলোতে সচক্ষে দেখেছি।

ভারাক্রান্ত মন নিয়ে অবশেষে 12 মে আমরা শিয়ালদা স্টেশনে এসে পৌঁছাই।

প্রথম বার বাবা- মাকে মাকে ছেড়ে বন্ধুদের সাথে ঘুরতে যাওয়া,পাহাড় দেখা,নাচ-গান করা, গুচ্ছের ছবি তোলা সব কিছুই স্বপ্নের মতো ছিলো আমার কাছে।

এতটাও ভালোবাসা ছিলো না পাহাড়ের প্রতি, কিন্তু দেখার পর তা দ্বিগুন বেড়ে যায়। এখন প্রত্যেক দিন ব্যাস্ততার মধ্যে একটা কথাই মনে হয়- “কখন যাবো কখন যাবো, আবার তোমায় দেখতে পাবো”।


Deya Das

Alumni (2020-2023)




Sneha Datta

Semester- 6



Sayanti Bose
Semester- 2



Shiuli Adhikari
Semester- 4



Jayee Sinha
Semester- 4




Katha Mondal

Semester- 6



Ankita Pyne

Semester- 4



Kiran Kumari Shaw

Semester- 4



Rituporna Patra

Semester- 6



ভূগোল মধুরা ঘোষ দস্তিদার সেমিস্টার- ২

যদি পৃথিবীটা ঘুরতে চাও,
তবে ভূগোলকে সাথে নাও।
পাহাড় থেকে সমুদ্র সৃষ্টি হল কিভাবে?
সব কিছু জানা যাবে ভূগোলটা পড়লে।
ভূগোল-এর পরিধি অনেকটা,

নদী,পর্বত,মৃত্তিকা,জলবায়ু কিছুই যায় না যে
বাদ দেওয়া।
ভূত্বকটা ঘোরা হবে টোপোগ্রাফিক্যাল ম্যাপে,
সংখ্যাকে বাঁধা হবে পরিসংখ্যান গ্রাফে।
দূরবীনে চোখ রেখে চলে যাবে সেই দেশে,
চাঁদ,সূর্য,তারায় ঢাকা এই মহাবিশ্বে মহাকাশে।
সবকিছু নিয়ে ভূগোল সত্যি তুমি ধন্য,
সব বিষয়ের মাঝে বড়ই অনন্য।
ভূগোলের গোলকধাঁধায় তাই হারিয়েছি
অনায়াসে,
আগামীর জীবনশৈলী গড়তে চাই ভূগোলকে
ভালোবেসে।

আড়ালে সুপর্ণা চক্রবর্তী সেমিস্টার- ৬

গল্পের আড়ালে রয়েছে
আরো এক গল্প
খুঁজছে সবাই তো অল্প স্বল্প
মুখোশের আড়ালে রয়েছে আরো এক মুখ
জীবনের কাঠগোড়ায়
মাথা নত করে দাঁড়িয়ে রয়েছে সুখ।
সুখ মিশেছে আজ রাস্তার ধুলোয়
জীবনটা কাঁটা হয়ে বিঁধে রয়েছে গলায়।
চোখের জল হয়েছে ফ্যাকাশে
এইজীবনটা ও একদিন মিশে যাবে
ওইদূর আকাশে
গল্পের আড়ালে রয়েছে আরো এক গল্প।।

ভূ-গোল শিউলি অধিকারী সেমিস্টার- ৪

এই পৃথিবীতে জন্ম আমার
পৃথিবীকে আমি চিনি
কিন্তু সত্যি বলতে
পৃথিবী সম্পর্কে কিছু কী আমি জানি?
জানতে হলে বিষয়ে পৃথিবীর
পড়তে হবে ভূগোল
ভূগোল! ওরে বাপরে
হয়ে যাব আমি পাগল।।
" ভূগোল " কথাটা ছোটো হলেও
বিষয়টা অনেক বড়ো
Physics, chemistry, Math History
সবকিছুই আছে এতে মোটামুটি তুমি ধরো।।
যত পড়বে শিখবে তুমি
যাবে না কিছুই বৃথা
ব্যাঙ ডাকলে বৃষ্টি হবে
নিছকই সব মিথ্যা।।
ছদ্মবেশী 🌍 তে সবকিছুতেই ধাধা
ভূগোল সম্পর্কে না জানার চেষ্টা করলে
থাকবে কুসংস্কারেতে বাধা।।
ভূগোল যদি পড়তে হয় , ভালো করেপড়ো
যুক্তি আছে,জ্ঞান আছে , আছে জ্ঞানের
ভান্ডারে মোরা
ভূগোল তুমি সত্যি সত্যি সেরার সেরা।।

Glimpses of Departmental Activities

2023 - 2024



Sem 4 students at Santragachi for bird watching



Sem 6 students at Rabindra Sarovar for GNSS SURVEY



Special lecture by Prof. Sunando Bandopadhyay



Motivational words by Principal Madam at film screening by the department



Inter-college Poster competition at East Calcutta Girls' College



One day state level seminar

Glimpses of Departmental Activities

2023 - 2024



National Level Book Published by Soha Hossain and Soumi Mitra ,
Faculties of the Department,
being presented to
Principal Madam.



Special lecture by Dr. Falguni Dey



Visit to Birla Planetarium